

ফেদেরিকো গার্সিয়া লোরকার জন্য কয়েকটি কথা

রাফায়েল আলবের্তি
অনুবাদ : নবারুণ ভট্টাচার্য

ফেদেরিকো, তোমার মৃত্যুর পর এই প্রথম আমি তোমার বিষয়ে লিখছি। তোমার নিজের গ্রানাদায় তোমার বিরুদ্ধে সেই অপরাধের পর, যা ভাষায় প্রকাশ করা যায় না, এই আমি প্রথম তোমার কথা লিখছি। যদিও এই সামান্য কয়েক ছত্র তোমার ‘জিপসি গাথা’-র (Romancero Gitano) পূর্বকথা হিসাবে লেখা তা কিন্তু স্পেনের মানুষের হৃদয়ের মাধ্যমে, যারা তোমার কবিতা পড়ে পড়ে মুগ্ধ হয়ে তাদের মাধ্যমে, তোমার সঙ্গে কথা বলবে। তোমার জন্যে আমি লিখেছি, তোমাকে পাঠানো হয়েছে এই লেখা।

১৯২৪-এর অক্টোবরে মাদ্রিদের ছাত্রভবনের ছোট বাগানটায় তোমার সঙ্গে বন্ধুত্বের প্রথম দিনটা আমার মনে পড়ে। তখন তুমি সদ্য গ্রানাদা থেকে ফুয়েনতে ভাকুয়েরস থেকে এসেছ সঙ্গে নিয়ে তোমার বইয়ের প্রথম গাথা :

সবুজ তোমাকে যেভাবে চাই
সবুজ বাতাস। সবুজ ডালপালা...

কবিতাটি তোমার পড়ায় প্রথম সেই শোনা। তোমার সেরা গাথা। বিনা দ্বিধায় বর্তমান স্পেনীয় কাব্যে শ্রেষ্ঠ। তোমার ‘সবুজ বাতাস’ আমাদের সকলকে স্পর্শ করেছিল, আমাদের কানে তার প্রতিধ্বনি থেকে গিয়েছিল। এখনও তেরো বছর পরে আমাদের কবিতার নবীনতম শাখা-প্রশাখায় তার শব্দের ঢেউ।

হুয়ান রামোন হিমেনেথ, যাঁর কাছে তুমি এত শিখেছ, আমরা সকলে শিখেছি, তাঁর Arias Tristes-এ লিরিক গাথার সৃষ্টি করেছিলেন যা ছিল আশ্চর্য, সঙ্গীতময় ও অবিস্মরণীয়। তুমি তোমার ‘Romance Sonambulo’-তে নাটকীয় সৃষ্টি করলে যার মধ্যে লুকোনো শিহরণ ও রহস্যময় রক্তধারায় আন্তেনিও মাচাদোর La Tierra da Alvar Gonzalez হল একটি বিবরণধর্মী রোমান্স, কবিতার শরীরে এক ভয়াবহ কাস্তিলীয় কাহিনী। ‘Romance Sonambulo’ এবং তোমার ‘Romancero Gitano’-র ঘটনাগুলোকে আবার বলা যায় না। গল্পবলিয়ার সবরকম প্রচেষ্টা তারা এড়িয়ে যায়। তুমি, হুয়ান রামোন ও মাচাদোর সঙ্গে, রোমান্সে প্রাচীন স্পেনীয় ধারার ভিত্তির ওপরে আর একটা শৈলীর সৃষ্টি করলে যা

বিস্ময়কর ও জোরালো, প্রাচীন কাস্তিলীয় ঐতিহ্যের পক্ষে একেবারে যা নির্ভর ও মুকুটের মতো।

তারপর এল যুদ্ধ। আমাদের দেশের জনগণ ও কবির গাথা লিখল। যুদ্ধের দশ মাসের মধ্যে প্রায় এক হাজার গাথা সংগৃহীত হয়েছে। তুমি এবং প্রধানত তুমিই এর প্রত্যেকটিকে প্রভাবিত করেছ। অন্যান্য কণ্ঠস্বরের তলায় লুকোনো তোমার কণ্ঠ আমাদের সংগ্রামে শামিল। কিন্তু সবচেয়ে জোরে আমাদের কানে ধ্বনিত হয় তোমার রক্ত। তোমার রক্ত তার সমস্ত শক্তি দিয়ে চিৎকার করে ওঠে, বিশাল হাতের মতো আকাশে উঠে আসে, অভিযোগ ও প্রতিবাদে মুগ্ধবদ্ধ। কেউ এটা বিশ্বাস করতে চায় না। এটা অসম্ভব! কেউ অনুভব করে না যে তুমি ফ্যারিং স্কোয়াডের সামনে দাঁড়িয়ে আছ। তোমাকে ওরা ভোরবেলা নিয়ে গিয়েছিল। কেউ কেউ বলে কবরখানায়। অন্যরা বলে একটা রাস্তার ওপর। সত্যি হল ... কিন্তু কেউ সেই সত্য যে কী তা বলতে পারে? এমনই ব্যাপারটা।

পেটেন্ট চামড়ার আত্মা নিয়ে

তারা রাস্তা দিয়ে এগিয়ে গিয়েছিল...

কে তোমাকে সাবধান করতে পারত যে তোমার কবিতার সিভিল গার্ডরা তোমার নিজের গ্রানাদার জনবিরল এক শহরতলি এলাকায় কোনও দিন এক ভোরে তোমায় খুন করবে? এ-ভাবেই ঘটনাটা ঘটেছিল। কিন্তু সে-মৃত্যু তোমার ছিল না।

সেই আঠারোই জুলাই আমি ছিলাম ইবিজা দ্বীপে যখন অভ্যুত্থান শুরু হয়। সিভিল গার্ডরা আমারও সম্মানে এসেছিল। আমি পালিয়েছিলাম। সতেরো দিন আমি পাহাড়ে ঘুরে বেড়িয়েছিলাম। রাইনার মারিয়া রিলকে বলেছেন যে কিছু মানুষ অন্যের মৃত্যুবরণ করে, তাদের যা প্রাপ্য মৃত্যু তা তাদের ঘটে না। তোমার মৃত্যু হওয়া উচিত ছিল আমার। অথচ তোমাকে হত্যা করা হল। আমি পালাতে পেরেছিলাম। কিন্তু তোমার রক্ত এখনও তাজা। অনেক দিন তোমার রক্ত তাজা থাকবে।

তোমার 'Romancero Gitano'-র নতুন-নতুন সংস্করণ বেরুচ্ছে। তোমার নাম ও স্মৃতি স্পেনে, আমাদের দেশের হৃদয়ে শেকড় বিস্তার করছে। কেউ যেন এই শেকড় ওপড়াতে চেষ্টা না করে। যে মাটিতে এই শেকড় ছড়িয়েছে সেই মাটি তা বরদাস্ত করবে না। মাটি আগুন হয়ে ফেটে পড়বে, কার্তুজ ও গোলার বিস্ফোরণ হয়ে উঠবে এবং যারা তোমাকে উপড়ে তুলতে চাইবে তাদের হাত পুড়ে ছাই হয়ে যাবে। স্পেনের ফালাঞ্জিস্ত, তোমার হত্যাকারীরা শয়তানের মতো তোমার গৌরব কাজে লাগাতে চেষ্টা করছে যা তাদের নিজেদের বন্দুকের গুলিতেই শতবিন্দু। তারা ভণ্ডামি করে তোমাকে রাজকীয় স্পেনের কবি বানাতে চায় — হায় মুসোলিনির রাজকীয় স্পেন! ওরা চেষ্টা চালাক। নির্লজ্জ বেহায়াপনায় মশগুল তোমার খুনেরা ভুলে যায় যে তোমার নাম ও কবিতা এখনকার মতো চিরদিনই স্পেনের ফ্যাসিবিরোধী শক্তির সংগ্রামী মানুষের ঠোঁটে জোর কদমে এগিয়ে চলেছে। আমাদের মুখে তোমার প্রত্যেকটা কবিতা তোমার হত্যাকারীদের চূড়ান্তভাবে অভিযুক্ত করছে।

আমরা স্মরণ করি। আমরা স্মরণ করব। ভুলে যেতে আমরা পারি না। তাদের মুখ আমরা চিনে রেখেছি যারা এখনও তোমাকে খুঁজছে, তোমাকে পায়ের ওপর হাঁটিয়ে বাঁচিয়ে রেখেছে এবং এই যুদ্ধের সবচেয়ে বুদ্ধিহীন ও কদর্য অপরাধ নিয়ে মারাত্মক ভাঁড়ামি চালিয়ে যেতে সাহায্য করেছে। কিন্তু আমরা তা মেনে নেব না। ওরা ব্যর্থ হবে। আমরা তোমার হাত নিষ্কলুষ রাখব — আমরা যারা ছিলাম তোমার বন্ধু ও কবি — লুইস সেরনুদা, মানুয়েল আলতোলাগুয়ের, এমিলিও প্রাদোস, ভিসেন্তে আলোইহান্দরে, পাবলো নেরুদা, মিগেল এরনানদেথ, আমি। তোমার কবিতার সেই দুঃখী ও অসামান্য মানুষদের সঙ্গে আমরা

তোমার স্মৃতিকে পাহারা দেব, তোমার নিয়ত উপস্থিতি এবং তোমার নামের প্রতি সেই উৎসাহ-উদ্দীপনার সঙ্গে সম্মান জানাব যেমন প্রাচীন কবিরা করতেন তরুণ গার্থীলাসো দে লা ভেগা-কে যিনি শিরশ্রাণ ছাড়াই শত্রুর বিরুদ্ধে ঘোড়ায় চড়ে লড়াইতে গিয়ে মৃত্যুবরণ করেছিলেন, যিনি তাঁর দুঃসাহস, বীরত্ব ও গানের জন্য একই সঙ্গে শ্রদ্ধা কুড়িয়েছেন, চিরকাল।

অনুবাদটি প্রকাশিত হয়েছিল নাট্যচিন্তা পত্রিকার লোরকা জন্মশতবর্ষ সংখ্যায়।